দৈনিক ইত্তেফাক

তারিখ 11 JUN 1989
পৃষ্ঠা ... 10 ... কলাম ... 1 ...

18

# দুইটি উপজেলায় ১৯টি প্রাথমিক শিক্ষক পদ শূন্য

মীর্জাগঞ্জের (পটুয়াখালী) সংবাদদাতা জানান, এই উপজেলার বিভিন্ন সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ৫ জন প্রধান শিক্ষকসহ ১৩টি শিক্ষকের পদ শূন্য রহিয়াছে। সংশ্লিষ্ট বিদ্যালয়গুলির ছাত্র-ছাত্রীদের লেখাপড়া দারুণ ব্যাহত হইতেছে। উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয় হইতে প্রাপ্ত তথ্যে জানা যায়, গাজীপুরা, আমড়াগাছিয়া, কিসমত খাটাশিয়া, এন, এস, আমড়াগাছিয়া, কুদবার চর এই ৫টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক নাই। ইহাছাড়া কাঠালতলী, মাধবখালী, কানকিরামপুর, সন্তোষপুর, ময়দা, উত্তর ঘটকের আন্দুয়া, চৈতা ও আন্দুয়া কে, এম, সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ৮টি সহকারী শিক্ষকের পদ বহুদিন যাবৎ শূন্য রহিয়াছে।

এ ব্যাপারে সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট অনেক লেখালেখি করা সত্ত্বেও কোন ফল পাওয়া যায় নাই বলিয়া শিক্ষা অফিসার জানান।

কালিয়ার (নড়াইল) সংবাদদাতা জানান, এই উপজেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে ৪টি প্রধান শিক্ষকের পদসহ ১৬টি শিক্ষকের পদ দীর্ঘদিন যাবৎ শূন্য থাকায় ঐ সমস্ত বিদ্যালয়ে লেখাপড়ায় বিঘ্ন ঘটিতেছে। ইহাছাড়া দক্ষিণ পার বিষ্ণুপুর প্রাথমিক বিদ্যালয়ে সাড়ে তিনশতাধিক ছাত্রছাত্রী থাকিলেও সেখানে মাত্র ২ জন শিক্ষক রহিয়াছেন। ঐ স্কুলে কোন প্রধান শিক্ষকও নাই।